

# সামাজিক, বৈজ্ঞানিক ও প্রয়োগমূলক সংস্কৃত সাহিত্যের ইতিহাস

## সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর

প্রতিটির মান ২

**প্রশ্ন ১** 'ত্রিমুনি ব্যাকরণম্' বলতে কাদের বোঝায়?

**উত্তর** সূত্রকার পাণিনি, বার্তিককার কাত্যায়ন এবং মহাভাষ্যকার পতঞ্জলি — এই তিনজনকে পাণিনি প্রস্থানের ত্রিমুনি বলে। এঁদের তিনটি ব্যাকরণ গ্রন্থকে একত্রে ত্রিমুনি ব্যাকরণম্ বলে।

**প্রশ্ন ২** 'অমরকোষ' কোন্ জাতীয় গ্রন্থ এবং এর রচয়িতা কে?

**উত্তর** অমরকোষ হল কোশশাস্ত্র বা অভিধান (Dictionary), এই গ্রন্থের রচয়িতা অমরসিংহ।

**প্রশ্ন ৩** কৌটিল্যের অপর নামগুলি কী? তিনি কোন্ গ্রন্থের জন্য বিখ্যাত?

**উত্তর** কৌটিল্যের অপর নাম — বিষ্ণুগুপ্ত, চাণক্য। তিনি অর্থশাস্ত্র লিখে খ্যাতি লাভ করেন।

**প্রশ্ন ৪** পাণিনির পূর্ববর্তী কয়েকজন বৈয়াকরণের নাম লেখো।

**উত্তর** পাণিনির পূর্ববর্তী কয়েকজন বৈয়াকরণ হলেন — কশ্যপ, গার্গ্য, গালব, শাকল্য, স্ফোটায়ন প্রমুখ।

**প্রশ্ন ৫** 'সংগীতরত্নাকর' কার লেখা?

**উত্তর** সংগীতরত্নাকর শার্ঙ্গদেবের লেখা।

**প্রশ্ন ৬** 'সিদ্ধান্তশিরোমণি' কার লেখা?

**উত্তর** সিদ্ধান্তশিরোমণি দ্বিতীয় ভাস্করাচার্যের (১১১৪ খ্রি.) লেখা।

**প্রশ্ন ৭** 'চরকসংহিতা' কোন শ্রেণির গ্রন্থ? এর রচয়িতা কে?

**উত্তর** চরকসংহিতা আয়ুর্বেদশাস্ত্রের অন্তর্গত। এই বিখ্যাত গ্রন্থের রচয়িতা হলেন মহামুনি চরক।

**প্রশ্ন ৮** একালের 'Astronomy'-র প্রধান দুটি শাখার নাম করো। [উ.ব.বি.'০৬]

**উত্তর** একালের Astronomy-র প্রাচীন ভারতীয় জ্যোতির্বিদদের পরিভাষায় — (১) গণিত জ্যোতিষ, (২) ফলিত জ্যোতিষ নামে অভিহিত।

**প্রশ্ন ৯** বর্তমান যুগের বিভাগ অনুসারে বিজ্ঞানের প্রধান প্রধান শাখাগুলি কী কী? [উ.ব.বি.'০৬]

**উত্তর** বর্তমান যুগের বিভাগ অনুসারে বিজ্ঞানের প্রধান প্রধান শাখাগুলি হল — (১) সমাজবিজ্ঞান (Social Sciences), (২) ভৌতবিজ্ঞান ও গণিত (Physical Sciences and Mathematics), (৩) প্রযুক্তি ও কারিগরি বিজ্ঞান (Technology and Applied Sciences)

**প্রশ্ন ১০** আয়ুর্বেদের প্রধান আটটি অঙ্গের নাম লেখো। [উ.ব.বি.'০৬]

**উত্তর** আয়ুর্বেদের প্রধান আটটি অঙ্গ হল — (১) শল্যতন্ত্র, (২) শালাক্যতন্ত্র, (৩) কায়চিকিৎসা, (৪) ভূতবিদ্যা, (৫) কুমারভৃত্য, (৬) অগাদতন্ত্র, (৭) রসায়ন, (৮) বাজীকরণ।

**প্রশ্ন ১১** জ্যোতির্বিদ্যার কয়েকটি উল্লেখযোগ্য গ্রন্থ ও গ্রন্থকারের নাম লেখো। [উ.ব.বি.'০৬]

**উত্তর** জ্যোতির্বিদ্যার কয়েকটি উল্লেখযোগ্য গ্রন্থকার ও গ্রন্থের নাম হল — (ক) প্রথম আর্যভট্ট (আর্যভট) — খ্রিস্টীয় পঞ্চম শতক — **আর্যভটীয় বা আর্যভট্টীয়**। (খ) বরাহমিহির — ৫৭৮ বা ৫৮৭ খ্রিস্টাব্দ — **পঞ্চসিদ্ধান্তিকা**। (গ) ব্রহ্মগুপ্ত — ৫৯৮ খ্রিস্টাব্দ — **ব্রহ্মস্ফুটসিদ্ধান্ত**। (ঘ) ভাস্করাচার্য — আনুমানিক ১১১৪ খ্রিস্টাব্দ — **সিদ্ধান্তশিরোমণি**। (ঙ) দ্বিতীয় আর্যভট্ট (ভট) — দশম শতক — **আর্যসিদ্ধান্ত**।

**প্রশ্ন ১২** দুটি ফলিত জ্যোতিষ গ্রন্থের নাম ও তাদের রচয়িতার নাম লেখো।

**উত্তর** দুটি ফলিত জ্যোতিষ গ্রন্থ হল — (ক) **বৃহৎসংহিতা** — রচয়িতা বরাহমিহির। (খ) **সূর্যসিদ্ধান্ত** — রচয়িতা রঙ্গনাথ।

**প্রশ্ন ১৩** কয়েকটি প্রাচীন গণিতশাস্ত্রের নাম লেখো।

**উত্তর** ব্রহ্মগুপ্তের **ব্রহ্মস্ফুটসিদ্ধান্ত**, দ্বিতীয় ভাস্করাচার্যের **সিদ্ধান্তশিরোমণি** ও **লীলাবতী**, শ্রীধরের **ত্রিশতী**, নারায়ণ পণ্ডিতের **গণিতকৌমুদী** উল্লেখযোগ্য।

**প্রশ্ন ১৪** স্থাপত্যের দুটি ধারা কী কী? এই দুটি ধারার শ্রেষ্ঠ লেখক ও গ্রন্থের নাম লেখো।

**উত্তর** স্থাপত্যের দুটি ধারা হল — (ক) দ্রাবিড় (অনার্য) — দানবেন্দ্রময়ের **ময়মতম্**। (খ) নাগর (আর্য) — বিশ্বকর্মার **বিশ্বকর্মবাস্তুশাস্ত্রম্**, ভোজের **সমরাঙ্গনসূত্রধার**।

**প্রশ্ন ১৫** বাস্তুশাস্ত্রের কয়েকজন বিখ্যাত লেখক ও তাঁদের গ্রন্থের নাম লেখো।

**উত্তর** বাস্তুশাস্ত্রের কয়েকজন বিখ্যাত লেখক ও তাঁদের লেখা গ্রন্থগুলি হল — দানবেন্দ্রময়ের **ময়মতম্**,

কশ্যপের কাশ্যপশিল্পম্, বিশ্বকর্মার বাস্তুশাস্ত্রম্, শ্রীকুমারের শিল্পরত্নম্, ভোজের সমরাঙ্গনসূত্রধার ও যুক্তিকল্পতরু, বরাহমিহিরের বৃহৎসংহিতা প্রভৃতি।

**প্রশ্ন ১৬** বরাহমিহিরের লেখা গ্রন্থগুলির নাম লেখো।

**উত্তর** বরাহমিহিরের গ্রন্থগুলি হল — (ক) ফলিত জ্যোতিষ — (অ) বৃহৎবিবাহপটল, (আ) পল্লববিবাহপটল, (ই) বৃহজ্জাতক, (ঈ) লঘুজাতক, (উ) বৃহৎসংহিতা। (খ) গণিত জ্যোতিষ — পঞ্চসিদ্ধান্তিকা।

**প্রশ্ন ১৭** রসায়নশাস্ত্রের নাম লেখো।

**উত্তর** রসায়নশাস্ত্রের উল্লেখযোগ্য গ্রন্থ হল — নাগার্জুনের রসরত্নাকর, শার্ঙ্গধরের শার্ঙ্গধরসংহিতা, গোবিন্দাচার্যের রসসার, মাধবের রসকৌমুদী প্রভৃতি।

**প্রশ্ন ১৮** কয়েকজন ধর্মসূত্রকারের নাম লেখো।

**উত্তর** উল্লেখযোগ্য ধর্মসূত্রকারগণ হলেন — গৌতম, ভরদ্বাজ, বৌধায়ন এবং আপস্তম্ব প্রমুখ।

**প্রশ্ন ১৯** কৌটিল্যের পূর্ববর্তী রাজনীতিবিদ বা নীতিশাস্ত্রকার ও তাঁদের শাস্ত্রের নাম লেখো। *[উ.ব. বি. '০৬]*

**উত্তর** কৌটিল্যের পূর্ববর্তী রাজনীতিবিদ ও শাস্ত্রের নামগুলি হল — (ক) বৈশালাক্ষ শাস্ত্র — রচয়িতা মহাদেব। (খ) বাহুদন্তক শাস্ত্র — রচয়িতা ইন্দ্র। (গ) বার্হস্পত্য শাস্ত্র — রচয়িতা বৃহস্পতি। (ঘ) ঔশনস শাস্ত্র — রচয়িতা শুক্রাচার্য।

**প্রশ্ন ২০** বিখ্যাত ধর্মশাস্ত্র বা স্মৃতিশাস্ত্রকারের নাম লেখো। *[উ.ব. বি. '০৬]*

**উত্তর** যাজ্ঞবল্ক্যসংহিতার প্রথম অধ্যায়ের ৪-৫ শ্লোকে কুড়িজন ধর্মশাস্ত্রকারের নাম পাওয়া যায়। তাঁরা হলেন —মনু, অত্রি, বিষ্ণু, হারীত, উশনা, অঙ্গিরা, যম, আপস্তম্ব, সংবর্ত, কাত্যায়ন, বৃহস্পতি, পরাশর, ব্যাস, শঙ্খ, লিখিত, দক্ষ, গৌতম, শাতাতপ ও বশিষ্ঠ।

**প্রশ্ন ২১** নাগার্জুন কে? *[উ.ব. বি. '০৬]*

**উত্তর** রসসিদ্ধ সম্প্রদায়ের প্রথিতযশা চিকিৎসক হলেন রসরত্নাকর গ্রন্থের রচয়িতা আয়ুর্বেদাচার্য নাগার্জুন।

**প্রশ্ন ২২** বিভিন্ন ব্যাকরণ সম্প্রদায়ের নাম লেখো।

**উত্তর** পাণিনীয় সম্প্রদায়, চান্দ্র সম্প্রদায়, শাকটায়ন সম্প্রদায়, কাতন্ত্র সম্প্রদায়, সারস্বত সম্প্রদায়, বোপদেব সম্প্রদায়, বৈষ্ণব সম্প্রদায় প্রভৃতি।

**প্রশ্ন ২৩** সাতটি বৈদিক ছন্দের নাম লেখো।

**উত্তর** সাতটি বৈদিক ছন্দ হল — গায়ত্রী, উষ্ণিক, অনুষ্টুপ, ত্রিষ্টুপ, জগতী, বৃহতী ও পঙ্ক্তি।

**প্রশ্ন ২৪** কয়েকটি ছন্দশাস্ত্রের নাম লেখো।

**উত্তর** আচার্য পিঙ্গলের ছন্দসূত্র, কেদারভট্টের বৃত্তরত্নাকর, গঙ্গাদাসের ছন্দোমঞ্জরী, ক্ষেমেন্দ্রের সুবৃত্ততিলক, হেমচন্দ্রের ছন্দোঽনুশাসন প্রভৃতি।

**প্রশ্ন ২৫** বিশিষ্ট কবিদের কোন্ বিশেষ ছন্দের প্রতি আকর্ষণ ছিল?

**উত্তর** কালিদাসের মন্দাক্রান্তা, অভিনন্দের অনুষ্টুপ, রত্নাকরের বসন্ততিলক, রাজশেখরের শার্দূলবিক্রীড়িত, পাণিনির উপজাতি, ভারবি ও শ্রীহর্ষের বংশস্থবিল, ভবভূতির শিহরিণী প্রভৃতি।

**প্রশ্ন ২৬** কোন্ বিশেষ বিশেষ ভাব ও বিষয়ের বর্ণনাতে কোন্ ছন্দের প্রাধান্য দেখা যায়?

**উত্তর** বিরহদশায় — বিয়োগিনী; বর্ষা ও প্রবাসের বর্ণনায় — মন্দাক্রান্তা; শৃঙ্গারে — স্বাগতা ও মালিনী; নিসর্গ বর্ণনায় — উপজাতি ছন্দের প্রাধান্য দেখা যায়।

**প্রশ্ন ২৭** উপবেদ কয়টি? কী কী?

**উত্তর** উপবেদ চারটি। যেমন — আয়ুর্বেদ, ধনুর্বেদ, গান্ধর্ববেদ ও স্থাপত্যবেদ।

**প্রশ্ন ২৮** 'সংগীত' বলতে কী বোঝো?

**উত্তর** নাট্য, গীত এবং নৃত্যের সমাহারকে সংগীত বলে। তাই চতুর দামোদর বলেছেন — "গীতং বাদ্যং নর্তনং চ ত্রয়ং সংগীতমুচ্যতে।"

**প্রশ্ন ২৯** সংগীত বিষয়ক কয়েকটি গ্রন্থের নাম করো।

**উত্তর** সংগীতরত্নাকর (শার্ঙ্গদেব — খ্রিস্টীয় দ্বাদশ শতক), সংগীতদর্পণ (দামোদর মিশ্র), সংগীতদামোদর (শুভংকর — খ্রিস্টীয় ষোড়শ শতক), চতুর্দণ্ডিপ্রকাশ (যন্ত্রসংগীত — বেঙ্কটমুখী, খ্রিস্টীয় সপ্তদশ শতক), অভিনয়দর্পণ (নৃত্য বিষয়ক — নন্দকেশ্বর) প্রভৃতি।

**প্রশ্ন ৩০** প্রযুক্তিবিদ্যার কয়েকটি গ্রন্থের নাম লেখো।

**উত্তর** ভোজের সমরাঙ্গনসূত্রধার (খ্রিস্টীয় একাদশ শতক), ভরদ্বাজের অংশুবোধিনী ও যন্ত্রশাস্ত্র, সূর্যসিদ্ধান্ত প্রভৃতি।

**প্রশ্ন ৩১** নাট্যতত্ত্ব বিষয়ক কয়েকটি গ্রন্থের নাম লেখো।

**উত্তর** ভরতের নাট্যশাস্ত্র, ধনিকের দশরূপক, রামচন্দ্র ও গুণচন্দ্রের নাট্যদর্পণ, সাগরনন্দীর নাট্যলক্ষণ রত্নকোশ, বিদ্যানাথের প্রতাপরুদ্রযশোভূষণ প্রভৃতি।

**প্রশ্ন ৩২** বাংলাদেশের কয়েকজন স্মৃতিশাস্ত্রকারের নাম লেখো।

**উত্তর** হলায়ুধের ব্রাহ্মণসর্বস্ব, জীমূতবাহনের দায়ভাগ, অনিরুদ্ধভট্টের হারলতা ও পিতৃদয়িতা, রুদ্রধরের শুদ্ধিবিবেক, পশুপতির দশকর্মপদ্ধতি, স্মার্তপণ্ডিত গোবিন্দানন্দের ৫টি কৌমুদী গ্রন্থ, পঞ্চদশ-ষোড়শ শতকের সর্বশ্রেষ্ঠ স্মার্ত রঘুনন্দনের ১৮টি গ্রন্থ যেমন — দায়তত্ত্ব, তিথিতত্ত্ব, উদ্বাহতত্ত্ব, একাদশীতত্ত্ব প্রভৃতি উল্লেখযোগ্য।

**প্রশ্ন ৩৩** উল্লেখযোগ্য কয়েকটি কামশাস্ত্রের নাম লেখো।

**উত্তর** বাৎস্যায়নের কামশাস্ত্র, কোক্কাচার্যের রতিরহস্য, জ্যোতির্মল্লের (১৩১৪ খ্রি.) পঞ্চসায়ক, লাটা খাঁর অনঙ্গরঙ্গ, বীরভদ্রদেবের কন্দর্পচূড়ামণি প্রভৃতি উল্লেখযোগ্য।

**প্রশ্ন ৩৪** অন্যান্য গৌণ কয়েকটি প্রায়োগিক বিজ্ঞান বিষয়ক গ্রন্থের নাম লেখো।

**উত্তর** (ক) গন্ধ ও প্রসাধনবিদ্যা — নিত্যনাথের রসরত্নাকর (খ্রিস্টীয় চতুর্দশ শতক), (খ) পাকশাস্ত্র — সোমেশ্বরের অভিলষিতার্থ চিন্তামণি, (গ) কৃষি ও উদ্ভিদবিদ্যা — সুরেশ্বরের বৃক্ষায়ুর্বেদ, (ঘ) চৌর্যবিদ্যা — সম্মুখকল্প, (ঙ) হস্তিবিদ্যা — নারায়ণের মাতঙ্গলীলা, (চ) অশ্বশাস্ত্র — নকুলের অশ্বচিকিৎসা, (ছ) রত্নবিদ্যা —চণ্ডেশ্বরের রত্নদীপিকা। (জ) ধনুর্বিদ্যা — বশিষ্ঠের ধনুর্বেদসংহিতা, (ঝ) ধাতুবিদ্যা — (অজ্ঞাত লেখক) লৌহার্ণব ও খড়্গশাস্ত্র, (ঞ) সুরাপানবিদ্যা — (অজ্ঞাত লেখক) মদিরার্ণব, (ট) প্রাণীবিদ্যা — হংসদেবের (ত্রয়োদশ শতক) মৃগপক্ষিশাস্ত্র, (ঠ) ভূগোল — বলরামদাসের ব্রহ্মাণ্ড ভূগোল, (ড) ক্রীড়াবিদ্যা — রাজা রুদ্রদেবের শ্যৈনিকশাস্ত্র প্রভৃতি।

**প্রশ্ন ৩৫** বিভিন্ন গ্রন্থের গ্রন্থকার, রচনার আনুমানিক কাল, কোন শ্রেণির এবং অন্যান্য তথ্য লেখো।

**উত্তর**

| গ্রন্থ | গ্রন্থকার | আনুমানিককাল | শ্রেণি ও অন্যান্য তথ্য |
|---|---|---|---|
| ১। মনুসংহিতা | মনু | খ্রি.পূ. দ্বিতীয় থেকে খ্রি. দুশো শতক | ধর্মশাস্ত্র/স্মৃতিশাস্ত্র |
| ২। যাজ্ঞবল্ক্যসংহিতা | যাজ্ঞবল্ক্য | ১০০ থেকে ৩০০ খ্রি. | " |
| ৩। অর্থশাস্ত্র | কৌটিল্য/ চাণক্য/বিষ্ণুগুপ্ত | খ্রি.পূ. চতুর্থ শতক | রাজনীতি |
| ৪। চরকসংহিতা | চরক | খ্রি. প্রথম শতক | আয়ুর্বেদ |
| ৫। সুশ্রুতসংহিতা | সুশ্রুত | খ্রি. পঞ্চম থেকে ষষ্ঠ শতক | আয়ুর্বেদ |
| ৬। বৃহৎসংহিতা | বরাহমিহির | ৫৭৮ খ্রি. বা ৫৮৭ খ্রি. | ফলিত জ্যোতিষ |
| ৭। পঞ্চসিদ্ধান্তিকা | বরাহমিহির | ৫৭৮ খ্রি. বা ৫৮৭ খ্রি. | জ্যোতির্বিজ্ঞান |
| ৮। সিদ্ধান্তশিরোমণি | ভাস্করাচার্য | ১১১৪ খ্রি. | " |
| ৯। আর্যভটীয় | আর্যভট | খ্রি. পঞ্চম শতক | জ্যোতির্বিদ্যা |
| ১০। ব্রহ্মস্ফুটসিদ্ধান্ত | ব্রহ্মগুপ্ত | ৫৯৮ খ্রি. | " |
| ১১। ময়মতম্ | আচার্যময় | — | বাস্তুশাস্ত্র |
| ১২। অভিনয়দর্পণ | নন্দিকেশ্বর | — | নৃত্য বিষয়ক |
| ১৩। কামন্দকীয় নীতিসার | কামন্দক | খ্রি. পঞ্চম থেকে সপ্তম শতক | রাজনীতি |
| ১৪। শুক্রনীতিসার | শুক্রাচার্য | দ্বাদশ থেকে ষোড়শ শতক | " |
| ১৫। সংগীত দামোদর | শুভংকর | খ্রি. ষোলোশো শতক | সংগীত বিষয়ক |
| ১৬। রসরত্নাকর | নাগার্জুন | খ্রি. সপ্তম থেকে অষ্টম শতক | রসায়নশাস্ত্র |
| ১৭। 'মিতাক্ষরা' টীকা | বিজ্ঞানেশ্বর | ১০৭০ খ্রি. থেকে ১১০০ খ্রি. | যাজ্ঞবল্ক্যসংহিতার টীকা |
| ১৮। অত্রি ধর্মশাস্ত্র | অত্রি | — | ধর্মশাস্ত্র |
| ১৯। হারীত ধর্মশাস্ত্র | হারীত | — | " |
| ২০। গৌতমধর্মসূত্র | গৌতম | — | সমাজতত্ত্ব ও রাজনীতি |

(ক্রমশ)

| গ্রন্থ | গ্রন্থকার | আনুমানিককাল | শ্রেণি ও অন্যান্য তথ্য |
|---|---|---|---|
| ২১। বৌধায়নধর্মসূত্র | বৌধায়ন | — | সমাজতত্ত্ব ও রাজনীতি |
| ২২। ধর্মশাস্ত্র | কাত্যায়ন | — | ধর্মশাস্ত্র |
| ২৩। পরাশরসংহিতা | পরাশর | খ্রি.পূ. ৩০০০ অব্দ | ধর্মশাস্ত্র |
| ২৪। লীলাবতী | শ্রীভাস্করাচার্য | ১১১৪ খ্রি. | জ্যোতির্বিদ্যা |
| ২৫। ঔশনসশাস্ত্র | শুক্রাচার্য | — | ধর্মশাস্ত্র |
| ২৬। বৃহস্পতিসংহিতা | বৃহস্পতি | খ্রি. চতুর্থ শতক | ধর্মশাস্ত্র |
| ২৭। নারদস্মৃতি | নারদ | খ্রি. দ্বিতীয় শতকের পূর্বে | ধর্মশাস্ত্র |
| ২৮। সংগীতরত্নাকর | শার্ঙ্গদেব | খ্রি. দ্বাদশ শতক | সংগীতবিদ্যা |

## টীকা

প্রতিটির মান ৫